



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ফোন : ০২৪৭-৮৬০৫১৫

ই-মেইল : dgmlad1@rakub.org.bd

ওয়েব সাইট : www.rakub.org.bd

“রাকাব এর প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি  
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন”

ঋণ/অবি-১ সার্কুলার লেটার নং-০১/২০১৮

তারিখ : ২৮.০৫.২০১৮

সকল শাখা ব্যবস্থাপক  
সকল জোনাল ব্যবস্থাপক  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয় : চা চাষে চলতি পুঁজি ঋণ নীতিমালা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে ঋণ ও অগ্রিম বিভাগ-১ থেকে ১৪.০৫.২০১৮ তারিখে জারীকৃত সার্কুলার নং-০১/২০১৮ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।


০২। আলোচ্য ঋণ কর্মসূচি পরিচালনা পর্ষদের ৪৭৪তম সভার (তারিখ ০৭.০৪.২০১৮) অনুমোদনক্রমে প্রাথমিকভাবে পঞ্চগড় জেলার আওতাধীন প্রতিটি শাখায় বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলেও পরবর্তীতে পরিচালনা পর্ষদের ৪৭৫তম সভায় (তারিখ ২৫.০৪.২০১৮) উত্তরাঞ্চলের যে সব জেলায় বাণিজ্যিকভাবে চা চাষ হচ্ছে সে সব জেলায় বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। এমতাবস্থায় উক্ত সার্কুলারের ০৪নং অনুচ্ছেদটি নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে :

যা আছে	যা হবে
রাকাবের আওতাধীন রংপুর বিভাগের পঞ্চগড় জেলায় প্রাথমিকভাবে এ ঋণ কর্মসূচি বাস্তবায়ন করা হবে। এ জেলার আওতাধীন প্রতিটি শাখা এলাকার কৃষকগণ সংশ্লিষ্ট শাখা থেকে এ ঋণ সুবিধা গ্রহণ করতে পারবেন। পরবর্তীতে রংপুর বিভাগের অন্যান্য জেলায় চা চাষের উপযোগিতা বিশ্লেষণ করে পর্যায়ক্রমে এ ঋণ কর্মসূচি সম্প্রসারণ করা হবে।	রাকাবের আওতাধীন রংপুর বিভাগের পঞ্চগড় জেলাসহ উত্তরাঞ্চলের যে সব জেলায় বাণিজ্যিকভাবে চা চাষ হচ্ছে সে সব জেলায় এ ঋণ কর্মসূচি বাস্তবায়ন করা হবে। প্রতিটি শাখা এলাকার প্রকৃত কৃষকগণ সংশ্লিষ্ট শাখা থেকে এ ঋণ সুবিধা গ্রহণ করতে পারবেন।

০৪। সূত্রোক্ত সার্কুলারের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

আপনার বিশ্বস্ত

  
(জগন্নাথ ঘোষ)  
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং- প্রকা/ঋণ/অবি-১/৪৬/২০১৭-২০১৮/৭৭২(৪৪৪)

তারিখ : ২৮.০৫.২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৮। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা/ স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ০৯। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ১০। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১২। অফিস নথি/মহানথি।

  
(মোঃ আব্দুল ওয়াহাব)  
সহকারী মহাব্যবস্থাপক